
# কীভাবে আপনার পালককে সাহায্য করবেন



আশিস রাইচুর

FOR FREE DISTRIBUTION ONLY
Produced and distributed by All Peoples Church & World Outreach, Bangalore, INDIA.
First Edition Printed: September 2007
Revised Version: May 2020
Translated into Bengali: December 2020

Contact Information:
All Peoples Church & World Outreach,
# 319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560 043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: bookrequest@apcwo.org
Website: **apcwo.org**

Unless otherwise indicated, all Scripture quotations are taken from the Bengali Revised Old Version Updated (ROVU), Bangladesh Bible Society.

Biblical definitions, Hebrew and Greek words and their meanings are drawn from the following resources:
Thayer's Greek Definitions. Published in 1886, 1889; public domain.
Strong's Hebrew and Greek Dictionaries, Strong's Exhaustive Concordance by James Strong, S.T.D., LL.D. Published in 1890; public domain.
Vine's Complete Expository Dictionary of Old and New Testament Words, © 1984, 1996, Thomas Nelson, Inc., Nashville, TN.

FINANCIAL PARTNERSHIP
Production and distribution of this publication has been made possible through the financial support of members, partners, and friends of All Peoples Church. If you have been enriched through this free publication, we invite you to contribute financially to help with the producing and distribution of free publications from All Peoples Church. Please visit **apcwo.org/give** or see the page “Partner With All Peoples Church” at the back of this book, on how to make your contribution. Thank you!

MAILING LIST
To be notified when free publications are released from All Peoples Church, you may subscribe to our mailing list at **apcwo.org**

# কীভাবে আপনার পালককে সাহায্য করবেন

# সূচীপত্র

**ভূমিকা**......................................................................ERROR! BOOKMARK NOT DEFINED.

1. **পালক এবং মণ্ডলীর কর্মীদের উদ্দেশ্য** ......................................................................**4**

2. **কীভাবে আপনার পালককে সাহায্য করবেন**......................................................................**6**

3. **আপনার পালক একজন মানুষ**......................................................................**13**

লী মণ্ডলী নির্মাণের ইচ্ছার সাথে, এর মধ্যে শক্তিশালী লোকেদের বৃদ্ধির দ্বারা, আমি এই বার্তাটি ভাগ করে নিচ্ছি, ‘‘আপনার পালককে কিভাবে সাহায্য করবেন।’’ আমি বিশ্বাস করি যে এটা করার জন্য আমার হৃদয়ের অনুপ্রেরণা আপনি বুঝতে পারবেন। এই পুস্তকে উপস্থাপিত বার্তাটি কোনো ব্যক্তিবিশেষের বিরুদ্ধে নয়। আমি যদি কারও সাথে কোনও ব্যক্তিগত স্পষ্টতা জানাতে চাই, আমি সেটা ব্যক্তিগত ভাবে করবো এবং একটি বইয়ের মাধ্যমে নয়।

আমাদের মধ্যে যারা পিতামাতা আছেন, তারা জানবে যে সন্তানদের বড় করে তোলার সময়ে, এমন কিছু সময় আছে যখন আমরা ছড়ি ব্যবহার করি, যদিও আমরা প্রায়শই তাদের ওপর ভালোবাসা বর্ষাই। এটা এর জন্য নয় যে আমরা আমাদের সন্তানদের ঘৃণা করি, বরং আমরা তাদেরকে শক্তিশালী মানুষ হিসেবে বড় করে তুলতে চাই। সেরকমই, আমরা যখন মণ্ডলীতে শক্তিশালী লোক গড়ে তুলতে চাই, ঈশ্বরের গৃহে তাদের কি করা উচিত আমাদের তাদের শেখানো দরকার।

**১ তীমথিয় ৩:১৫**
**কিন্তু যদি আমার বিলম্ব হয়, তবে যেন তুমি জানিতে পার যে, ঈশ্বরের গৃহমধ্যে কেমন আচার-ব্যবহার করিতে হয়; সেই গৃহ ত জীবন্ত ঈশ্বরের মণ্ডলী, সত্যের স্তম্ভ ও দৃঢ় ভিত্তি।**

পৌল তিমথীকে এটা বলে চিঠি লিখেছেন যে স্থানীয় মণ্ডলীর মধ্যে নিজেকে পরিচালনা করার একটি সঠিক উপায় আছে। অন্যভাবে, পৌল বলছেন ঈশ্বরের গৃহে আচরণ করার একটি সঠিক উপায় আছে এবং বিশ্বাসীদের সেটা শেখানো প্রয়োজন। দুর্ভাগ্যবশত, এই বিষয়ের ওপরে খুব বেশি শিক্ষা দেওয়া নেই এবং সকলের যেটা সঠিক মনে হয় সেটাই করতে চায়। মণ্ডলীর লোকেরা তাদের মাথায় যেটা চলে সেটাই করে এবং মণ্ডলীকে বিভিন্ন দিকে টেনে নিয়ে যেতে সমাপ্ত হয় এবং এইভাবে মণ্ডলী কোনও দিকেই যায়না। যদি প্রত্যেকে তাদের যেটা ঠিক মনে হয় সেটাই করে, তাহলে একটি বিশৃঙ্খল এবং বিভ্রান্তিপূর্ণ গৃহ তৈরি হবে। কিন্তু ঈশ্বর বিভ্রান্তি সৃষ্টি করেন না।

**১ করিন্থীয় ১:১০**
**কিন্তু হে ভ্রাতৃগণ, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে আমি তোমাদিগকে বিনয় করিয়া বলি, তোমরা সকলে একই কথা বল, তোমাদের মধ্যে দলাদলি না হউক, কিন্তু এক মনে ও এক বিচারে পরিপক্ক হও।**

এই শাস্ত্রাংশ একটি অনুরোধ বা একটি উপদেশ দেয়না, বরং একটি আবেদন এবং প্রেরনা যেটা স্বয়ং ঈশ্বরের কতৃত্ব থেকে আসে। প্রেরিত পৌলের মাধ্যমে স্থানীয় মণ্ডলীর জন্য প্রভু যা আদেশ করেছেন তা এখানে দেওয়া হল:

- তোমরা সকলে একই কথা বলো। এটি অসম্ভব বলে মনে হতে পারে।
- তোমাদের মধ্যে কোনও বিভেদ (বিভাজন বা ফাঁক) না থাকুক।
- তোমরা নিখুঁতভাবে একসাথে যুক্ত হও (সম্পূর্ণ চুক্তিতে) ।
- তোমরা সকলে এক মন এবং এক বোধগম্যতা সম্পন্ন হও।
- তোমরা সকলে এক সমাধান, উদ্দেশ্য এবং মতামতের হও।

যখন আমরা করিন্থীয় মণ্ডলীকে দেখি, আমরা দেখতে পাই যে বর্তমান সময়ের আমাদের মণ্ডলীগুলির মতো এটিও একটি ‘‘সাধারন’’ মণ্ডলী ছিল। এর মধ্যে অনেক গুলো বিষয় ছিল যা ভ্রান্ত। এর মধ্যে কিছু ব্যক্তিরা বলেছিল যে তারা আপল্লর অন্তর্গত, এবং অন্যান্য কিছু লোকেরা বলেছিলেন যে তারা পৌলের অন্তর্গত। সেখানে ভিন্ন মতামত ছিল বিবাহ, মূর্তিদের কাছে উৎসর্গিত খাদ্য, ভিন্ন ভাষায় কথা, আত্মার বরদান, এবং আরও অন্যান্য বিষয় সম্পর্কে। সবথেকে গুরুতর বিষয় ছিল যে তারা প্রভুর ভোজের মেজের সামনে তাদের

প্রাতঃরাশ করে যেখানে রুটির একটি ছোট টুকরো এবং দ্রাক্ষারসের একটি ছোট কাপে সন্তুষ্ট হয়না বরং পুরো রুটি এবং একটি বিশাল গ্যালন তাদের চাই। তাদের আচরণ সম্পর্কে পৌলকে তাদের তিরস্কার করতে হয়েছিলো এবং তাদেরকে সঠিক ভাবে পরিচালনা করার নির্দেশ দিতে হয়েছিলো। (১ করিন্থীয় ১১:১৭-৩৩) পৌল এইভাবে ভিন্ন পটভূমির ব্যক্তিদের এক বিষয় বলার নির্দেশ দিয়ে লিখছেন, নিজেদের মধ্যে কোনও মতবিরোধ না রেখে, নিখুঁতভাবে যুক্ত হয়ে এবং এক মনের, বোধগম্যতার, মতবাদের এবং সমাধানের হয়ে।

আমি বিশ্বাস করি যে যদি প্রভু আমাদের কিছু করতে আদেশ দেন, তার মানে সেটা সম্ভব কারন আমরা করতে পারবো না এরকম কিছু প্রভু আমাদের আদেশ করবেন না। তাঁকেই যদি এই কাজগুলি করতে হয় তাহলে আমরা তাঁকে জ্বালাতন করবো। পৌল যেরকম মণ্ডলীর কথা বলছেন আমাদের পক্ষে সম্ভব সেরকম মণ্ডলী হয়ে ওঠা এবং প্রত্যেক পালক সেটাই তার মণ্ডলীর জন্য চান।

## 1. পালক এবং মণ্ডলীর কর্মীদের উদ্দেশ্য

কিভাবে আপনি আপনার পালককে সাহায্য করবেন তা আলচনা করার আগে আসুন আমরা বুঝি যে একজন পালকের এবং মণ্ডলীর কর্মীদের উদ্দেশ্য কি।

**যিরমিয় ৩:১৫**
**আর তোমাদিগকে আপন মনের মত পালকগণ দিব, তাহারা জ্ঞানে ও বিজ্ঞতায় তোমাদিগকে চরাইবে।**

ঈশ্বরের নিজের হৃদয়ের মেষপালক হিসেবে, পালকদের ঈশ্বরের লোকেদের লিখিত ঈশ্বরের বাক্য থেকে বোধগম্যতা এবং আত্মিক জ্ঞান খাওয়ানো বোঝায় এবং অন্য কোনও উৎস থেকে নয়। পালকের বোধগম্যতা দেওয়ার কথা যা ঈশ্বরের পবিত্র আত্মা থেকে আসে।

**ইফিসীয় ৪:১১-১৩**
**১১ আর তিনিই কয়েক জনকে প্রেরিত, কয়েক জনকে ভাববাদী, কয়েক জনকে সুসমাচার-প্রচারক ও কয়েক জনকে পালক ও শিক্ষাগুরু করিয়া দান করিয়াছেন,**
**১২ পবিত্রগণকে পরিপক্ক করিবার নিমিত্ত করিয়াছেন, যেন পরিচর্যা কার্য সাধিত হয়, যেন খ্রীষ্টের দেহকে গাঁথিয়া তোলা হয়,**
**১৩ যাবৎ আমরা সকলে ঈশ্বরের পুত্র বিষয়ক বিশ্বাসের ও তত্ত্বজ্ঞানের ঐক্য পর্যন্ত, সিদ্ধ পুরুষের অবস্থা পর্যন্ত, খ্রীষ্টের পূর্ণতার আকারের পরিমাণ পর্যন্ত, অগ্রসর না হই।**

শাস্ত্রাংশের এই অংশটি একজন পালকের এবং যারা বাক্যের পরিচর্যার কাজে নিযুক্ত তাদের কাজকে বর্ণনা করে। একজন পালকের পরিচর্যা কাজ করার কথা নয় – আপনার করার কথা! আপনি একজন পরিচর্যাকারী। মণ্ডলীতে আপানার পাশে যিনি বসেন, তিনিই সেই ব্যক্তি যার সাথে আপনি পরিচর্যা কাজ করতে চলেছেন, পালক নয়, শিক্ষক নয়, প্রচারক নয়, ভাববাদী নয়, এবং প্রেরিতজন নয় - পাঁচ ধরনের পরিচর্যার ভূমিকা হল সাধুগণদের প্রস্তুত করা, যাতে তারা পরিচর্যার কাজ করতে পারে। পালকের "কাজ" আসলে খুব সহজ – এটা শুধু আপনাকে প্রস্তুত করা। আপনিই সেই যে কাজটিকে সম্পন্ন করতে চলেছে! আপনি শুধুমাত্র একজন মণ্ডলীর সদস্য নন বরং একজন পরিচর্যাকারীও। আপনি একটি "মণ্ডলীর সদস্যের মানষিকতা" রাখতে পারেননা। আপনি সর্বশক্তিমান ঈশ্বরের পরিচর্যাকারী এবং আপনি এখানে প্রস্তুত হতে এসেছেন পরিচর্যার কাজ করার জন্য, খ্রীষ্টের দেহকে গড়ে তুলতে "যাবৎ আমরা সকলে ঈশ্বরের পুত্র বিষয়ক বিশ্বাসের ও তত্ত্বজ্ঞানের ঐক্য পর্যন্ত, ... খ্রীষ্টের পূর্ণতার আকারের পরিমাণ পর্যন্ত, অগ্রসর না হই" (ইফিসীয় ৪:১৩)। তাই পালক এবং মণ্ডলীর কর্মচারী হিসেবে আমাদের দায়িত্ব হল খ্রীষ্টের পূর্ণতায় অগ্রসর হতে সাধুগণদের প্রস্তুত করা যাতে সাধুগণেরা পরিচর্যার কাজ করতে পারে। ঈশ্বর চান তাঁর রাজ্যে যেন প্রত্যেক বিশ্বাসী একজন পরিচর্যাকারী হয়।

**কলসীয় ১:২৮**
**তাঁহাকেই আমরা ঘোষণা করিতেছি, সমস্ত জ্ঞানে প্রত্যেক মনুষ্যকে সচেতন করিতেছি ও প্রত্যেক মনুষ্যকে শিক্ষা দিতেছি, যেন প্রত্যেক মনুষ্যকে খ্রীষ্টে সিদ্ধ করিয়া উপস্থিত করি**

পালক প্রচার করে এবং শিক্ষা দেয় বিনোদনের জন্য নয় কিন্তু বিশ্বাসীদেরকে খ্রীষ্টে নিখুঁতভাবে উপস্থাপন করতে। শাস্ত্রে ব্যবহৃত গ্রীক শব্দটি হল *"teleios"* – একজন সম্পূর্ণ পরিনত ব্যক্তি। আমাদের উদ্দেশ্য হল প্রত্যেক বিশ্বাসীকে একটি পরিপক্কতার যায়গায় নিয়ে আসা – খ্রীষ্টে সম্পূর্ণ ভাবে পরিনত হওয়া। আমরা খ্রীষ্টে শিশুদের স্বাগত করি কিন্তু আমরা চাইনা যে তারা সেরকমই থেকে যাক।

পালকের দায়িত্ব হল খ্রীষ্টে প্রত্যেক ব্যক্তিকে পরিপক্ক করে তোলা। যদি আমরা তা করতে ব্যর্থ হই, আমরা মণ্ডলীর মধ্যে পালক এবং নেতা হিসেবে আহ্বানে ব্যর্থ হবো।

## প্রতিটি বিশ্বাসীর জীবনে যে বিষয়গুলি সম্পন্ন করতে হবে

চারটি বিষয় রয়েছে যা প্রত্যেক বিশ্বাসীর জীবনে সম্পন্ন হতে দেখা পালকদের কামনা করা উচিত। তাদের বৃদ্ধি এবং বিকাশ দেখা কামনা করা উচিত:

- বাক্য
  পালকদের মণ্ডলীর প্রত্যেকটি ব্যক্তির বাক্যে মজবুত হয়ে ওঠা দেখা উচিত।
- আত্মা
  পালকদের মণ্ডলীর প্রত্যেকটি ব্যক্তির আত্মায় মজবুত হয়ে ওঠা দেখা উচিত।
- খ্রীষ্টস্বরূপ চরিত্র
  পালকদের মণ্ডলীর প্রত্যেকটি ব্যক্তির খ্রীষ্টস্বরূপ চরিত্রে গড়ে ওঠা দেখা উচিত।
- পরিচর্যা
  পালকদের প্রত্যেকটি ব্যক্তির পরিচর্যার জন্য প্রস্তুত হয়ে ওঠা দেখা উচিত।

**গালাতীয় ১:১০**
**আমি কি এখন মানুষকে লওয়াইতেছি না ঈশ্বরকে? অথবা আমি কি মানুষকে সন্তুষ্ট করিতে চেষ্টা করিতেছি? যদি এখনও মানুষকে সন্তুষ্ট করিতাম, তবে খ্রীষ্টের দাস হইতাম না।**

যে মানদণ্ডের প্রতি আমরা পালক এবং ঈশ্বরের পরিচর্যাকারী হিসেবে আহূত সেটা বুঝুন। গালাতীয় ১:১০ পদ অনুযায়ী, যদি আমরা মানুষকে খুশি করি তাইলে আমরা ঈশ্বরের সেবক হতে পারবো না। পালক হিসেবে আমরা এখানে মানুষকে আনন্দ দিতে আসিনি। তাহলে আপনি যদি মণ্ডলীতে এসেছেন আনন্দিত হতে, আপনি ভুল যায়গায় এসেছেন, কারন যদি আমরা শুধু মানুষকে আনন্দিত করি, আমরা ঈশ্বরের সেবক হতে পারবো না। আমাদের উদ্দেশ্য আপনাকে গড়ে তোলা, নিছক আপনাকে আনন্দিত করা নয়। কিন্তু এই প্রক্রিয়ার পরিণতি হিসেবে আপনি আনন্দ লাভ করে থাকতে পারেন! আবার আপনি হয়তো পালককে এবং মণ্ডলীরবৃন্দগণকে ভালবাসতে শুরু করতে পারেন, কিন্তু সেগুলি উদ্দেশ্য নয়। আমাদের উদ্দেশ্য হল খ্রীষ্টে আপনাকে সম্পূর্ণ রূপে উপস্থিত করা। যেদিন আমরা মানুষ সন্তুষ্টিকারি হয়ে যাবো, আমরা ঈশ্বরের সেবক হতে বিরত হবো।

# 2. কীভাবে আপনার পালককে সাহায্য করবেন

নিম্নলিখিত নির্দেশাবলীগুলি প্রযোজ্য শুধুমাত্র পালকের জন্য নয় কিন্তু মণ্ডলীর সকল কর্মীদের জন্য যারা আপনার সেবা করেন।

## আপনার পালকের সাক্ষ্য রক্ষা করতে সাহায্য করুন

**১ তীমথিয় ৩:২**
**অতএব ইহা আবশ্যক যে, অধ্যক্ষ অনিন্দনীয়, এক স্ত্রীর স্বামী, মিতাচারী, আত্মসংযমী, পরিপাটী, অতিথি সেবক এবং শিক্ষাদানে নিপুণ হউন।**

**তীত ১:৬-৭**
**৬ যে ব্যক্তি অনিন্দনীয় ও কেবল এক স্ত্রীর স্বামী, যাঁহার সন্তানগণ বিশ্বাসী, নষ্টামি দোষে অপবাদিত বা অদম্য নয় (তাহাকে নিযুক্ত কর)।**
**৭ কেননা ইহা আবশ্যক যে, অধ্যক্ষ ঈশ্বরের ধনাধ্যক্ষ বলিয়া অনিন্দনীয় হন; স্বেচ্ছাচারী কি আশুক্রোধী কি মদ্যপানে আসক্ত কি প্রহারক কি কুৎসিত লাভের লোভী না হন।**

১ তীমথিয় ৩:২ অনুযায়ী একজন আত্মিক অধ্যক্ষর "অনিন্দনীয় হওয়া প্রয়োজন।" এবং শাস্ত্র ঈশ্বরের ব্যক্তি হতে বাকি প্রয়োজনীয়তাগুলি বলতে থাকে। প্রথম প্রয়োজনীয়তা যেটা ঈশ্বর একজন আত্মিক নেতার জন্য যাচ্ঞা করেন সেটা হল তাকে অনিন্দনীয় হতে হবে, অর্থাৎ, কেউ যাতে তার দিকে আঙ্গুল তুলতে না পারে এবং তাকে দোষারোপ করতে না পারে। নেতার সাক্ষ্য সম্পূর্ণরূপে নিখুত হতে হবে।

**২ করিন্থীয় ৬:৩-৪**
**৩ আমরা কোন বিষয়ে কোন ব্যাঘাত জন্মাই না, যেন সেই পরিচর্যা-পদ কলঙ্কিত না হয়;**
**৪ কিন্তু ঈশ্বরের পরিচারক বলিয়া সর্ববিষয়ে আপনাদিগকে যোগ্যপাত্র দেখাইতেছি- বিপুল ধৈর্যে, নানা প্রকার ক্লেশে, অনটনে, সঙ্কটে।**

"কোনও কিছুতেই অপরাধ না দেওয়া" সেই মানদণ্ড যার প্রতি ঈশ্বর পালকদের এবং মণ্ডলীর কর্মীদের আহূত করেছেন। আমাদের একটি অনিন্দনীয় জীবন যাপন করতে হবে – আমাদেরকে এমন ভাবে পরিচর্যার কাজ পরিচালনা করতে হবে যাতে আমরা কোনকিছুতেই কোনও দোষ না দিই – যাতে আমাদের পরিচর্যা দোষারোপিত না হতে পারে। এবং এটা করতে আমাদের আপনার সাহায্য দরকার।

**হিতোপদেশ ২২:১**
**প্রচুর ধন অপেক্ষা সুখ্যাতি বরণীয়; রৌপ্য ও সুবর্ণ অপেক্ষা প্রসন্নতা ভাল।**

আসুন কিছু উদাহরণ বিবেচনা করে দেখা যাক যেখানে আপনি পালকের সাক্ষ্যকে রক্ষা করতে পারবেন।

- যদি আপনি একজন মহিলা হন, দয়াকরে আপনার পালকের সাথে তার অফিসে দেখা করুন যখন বাকিরা সেখানে রয়েছে। আপনার পালকের সাথে অস্বাভাবিক যায়গায় বা অস্বাভাবিক সময়ে দেখা করার জন্য জিজ্ঞাসা করবেন না। আপনার হয়তো খুব স্বাভাবিক জরুরি দরকার রয়েছে কিন্তু আপনার পালককে অস্বাভাবিক যায়গাতে দেখা করারা কথা জিজ্ঞাসা করে অস্বস্তিতে ফেলবেন না। এটি কিভাবে একজন দর্শকের কাছে প্রদর্শিত হবে তা বিবেচনা করুন – পালক প্রকাশ্যে একজন মহিলার সাথে একটা কফি দোকানে কফি পান করতে করতে তাকে পরামর্শ দিচ্ছেন। কিন্তু লোকেরা যারা পালককে চেনে তারা যদি এটা দেখে,

তারা ভাবতে পারে যে একজন মণ্ডলীর পালক যিনি বিবাহিত এবং সন্তান রয়েছে, আরেকজন মহিলার সাথে একা কি করছেন। ধরে নিন যে পরামর্শ প্রদান করার সময় অনেকক্ষণ সময় ধরে চলছে। তাহলে পালকের সাক্ষ্য আরও ঝুঁকিতে পড়বে। আপনার সমস্যা যত গুরুতর তাঁর নির্বিশেষে, আপনার পালকের সাথে তাঁর অফিসে দেখা করাটাই সঠিক হবে, অথবা আপনি হয়তো একজন ঈশ্বরের ব্যক্তির সাক্ষ্যকে নষ্ট করবেন।

- আপনি যদি একজন মহিলা হন, এটা সবসময়ের জন্য উত্তম হবে মণ্ডলীর একজন মহিলা পরিচর্যাকারী বা নেত্রির থেকে সাহায্য নেওয়া।
- পালকের অথবা মণ্ডলীর বিষয়ে এমন কিছু বলবেন না বা দাবী করবেন না যার বিষয়ে আপনি ১০০ শতাংশ নিশ্চিত নন। আপনি যেটা বলতে চলেছেন তাঁর বিষয়ে যদি সম্পূর্ণ নিশ্চিত না হন তাহলে সেটা বলবেন না। উদাহরণস্বরূপ, যদি আপনার পালক আমেরিকা তে থাকতেন এবং ইন্ডিয়াতে ফিরে এসেছেন এটা মনে করবেন না যে পরিচর্যার তহবিলে সেখান থেকে ডলার আসছে। কোনও দাবী করার পূর্বে বিষয়গুলি সম্পর্কে সম্পূর্ণ নিশ্চিত হন! আমাদের মণ্ডলীর ক্ষেত্রে, ৯৯ শতাংশ বাবহৃত অর্থ ভারত থেকে – আমাদের মণ্ডলীর দশমাংশ, দান এবং অবদানসমূহ থেকে। পৃথিবীর অন্য কোনও অংশের কোনও মণ্ডলী নেই যারা আমাদের সাহায্য করছেন।
- আপনার পালক বা মণ্ডলী কি করছে তা নিয়ে বাড়িয়ে বলবেন না। উদাহরণস্বরূপ, যদি আপনার মণ্ডলী একটি শিশুদের জন্য আবাস চালাচ্ছে যেটা আট জন শিশুর দেখাশোনা করছে, বাড়িয়ে বলবেন না, ‘‘মণ্ডলী অনেক শিশুদের নিয়ে একটি অনেক বড় অনাথ আশ্রম চালাচ্ছে।’’

## পালকের সময় রক্ষা করতে সাহায্য করুন

**ইফিষীয় ৫:১৫-১৬**
**১৫ অতএব তোমরা ভাল করিয়া দেখ, কিরূপে চলিতেছ; অজ্ঞানের ন্যায় না চলিয়া জ্ঞানবানের ন্যায় চল।**
**১৬ সুযোগ কিনিয়া লও, কেননা এই কাল মন্দ।**

ইফিষীয় ৫:১৬ আমাদের ‘‘সুযোগ কিনে নিয়ে’’ চলতে বলে – প্রত্যেক উপলব্ধ মুহূর্ত ধরা এবং ভালো কাজে সেটা ব্যবহার করা। সময় একটি দানের মধ্যে রয়েছে এবং আমাদের প্রত্যেকের জন্য খুবই গুরুত্বপূর্ণ। আমাদের মণ্ডলীতে, আমাদের কর্মীদের সপ্তাহে অন্তত ৪০ ঘন্টা কাজ করা প্রয়োজন। আপনি পালককে এবং মণ্ডলীর কর্মীদের তাদের সময় রক্ষা করে সাহায্য করতে পারেন।

- দয়া করে নিয়মিত অফিসের সময়ে পালকের সাথে দেখা করুন। যদি পালক সকাল সাড়ে ৮টা থেকে বিকেল সাড়ে ৬টা পর্যন্ত অফিসে থাকেন, তাকে সাড়ে ৭টা পর্যন্ত অপেক্ষা করতে বলবেন না যাতে আপনার কাজ শেষ করে তাঁর সাথে দেখা করতে সুবিধা হয়। কখনও কখনও পালকের অপেক্ষা করে যায় এবং লোকেদের সাথে দেখা করে কিন্তু দয়াকরে বোঝার চেষ্টা করুন যে তাদেরও ফিরে যাওয়ার পরিবার আছে। মনে রাখবেন যখন আপনার একজন ডাক্তারের সাথে দেখা করার হয় আপনি সাধারনত ডাক্তারের দেওয়া সময়ে নিশ্চল থাকেন এবং হয়তো এমনকি একটা দিন ছুটি নিয়েছেন তাঁর সাথে দেখা করার জন্য। একই বিবেচনার সাথে আপনার পালকের সাথে আচরণ করুন। যদি আপনার একটি আত্মিক প্রয়োজন রয়েছে এবং এটা যথেষ্ট জরুরি আপনার পালকের কাছে যাওয়া এবং দেখা করা, আপনি একই ভাবে সেই দিনটা ছুটি নিতে পারেন এবং জরুরি সামঞ্জস্য করলেন যাতে আপনি পালককে অপেক্ষায় রাখলেন না।
- যদি আপনার কাছে কোনও ধারনা থাকে, আপনার পালককে সেটাই সম্পন্ন করতে বলবেন না। আপনার পালক হয়তো ধারনা এবং পরামর্শের প্রতি উন্মুক্ত কিন্তু আপনার যদি পরিচর্যার জন্য কোনও ধারনা থাকে আপনার পালককে সেটাই সম্পন্ন করার প্রত্যাশা করবেন না। প্রায়শই লোকেরা বিভিন্ন ধারনা নিয়ে পালকের কাছে আসে এবং জোর দেয় যে একটি বিশেষ পরিচর্যা শুরু করতে ঈশ্বর পালককে নির্দেশ দিচ্ছেন। যদি আপনার হৃদয়ে কোনও শক্তিশালী প্রেরনা থাকে এবং নিশ্চিত যে ঈশ্বর চায় আপনি কিছু শুরু করুন, তাহলে আপনার অবশ্যই উদ্যোগ নিয়ে সেটা করা উচিত, পালকের অনুমতি নিয়ে অবশ্যই।

- দয়া করে আপনার পালককে বই পর্যালোচনার জন্য বলবেন না। কারন আপনারা হয়তো জানেন তার হয়তো ঘরে বই রয়েছে যেগুলো সে এখনও পরেনি কারন তার কাছে সেটার জন্য সময় নেই!
- দয়া করে আপনার পালককে সেটা করতে বলবেন না যেটা অন্যান্য ব্যাবসায় পারদর্শীরা করে, উদাহরণস্বরূপ, বিয়ের সম্বন্ধ দেখাশোনা করে দেওয়া, জমিদারি এবং ইত্যাদি। আপনি যদি কোথাও স্থানান্তর হচ্ছেন, সেখানের স্থানীয় মণ্ডলীর কাছে আপনার জন্য একটি জায়গা খুঁজে দিয়ে সাহায্য করার জন্য কিছু লিখবেন না। এমনকি যদিও পালকেরা আছেন আপনাকে সেবা করার জন্য, আপনাকে থাকার বাবস্থা খুঁজে দেওয়ার প্রত্যাশা করা একটি বেশি হয়ে যাবে। আপনার জন্য উপযুক্ত স্ত্রী খুঁজে দেওয়ার জন্য পালককে জোর দেবেন না। যদি সেরকম কেউ থাকে যাকে পালক উপজুক্ত মনে করেন তিনি হয়তো সেই ব্যক্তিকে পরামর্শ দেবেন কিন্তু সেই জোরটা পালকের ওপর দেবেন না।

## পালকের পরিবারকে রক্ষা করতে সাহায্য করুন

**মথি ২৬:৩১, সখরিয় ১৩:৭ থেকে উক্ত**
**তখন যীশু তাঁহাদিগকে কহিলেন, এই রাত্রিতে তোমরা সকলে আমাতে বিঘ্ন পাইবে; কেননা লেখা আছে, ‘‘আমি পালরক্ষককে আঘাত করিব, তাহাতে পালের মেষেরা ছিন্নভিন্ন হইয়া যাইবে।’’**

- যদি শত্রুপক্ষ মেষপালককে আঘাত করতে পারে, সে মেষদের ছিন্নভিন্ন করে দিতে পারবে। অনেকেই ভাবে যে পরিচর্যা হল খুবই ‘‘মুগ্ধকর’’ – কারন হয়তো প্রত্যেক রবিবার পালক ৫০ মিনিট পায় প্রচার করতে এবং মণ্ডলীর লোকেরা তাকে শোনে। তিনি হয়তো অনেক বইয়ের লেখক হতে পেরেছেন, তার বার্তার অনেক টেপ এবং সিডি বিক্রি করেছেন। বুঝুন যে ঈশ্বরের পরিচর্যাকারী যে পরিচর্যার একদম সামনে থেকে আপনাকে নেতৃত্ব দেয় তারাই শয়তানের তীব্র আক্রমণের প্রধান লক্ষ্য। শয়তানের লক্ষ্য পালককে ঠকানো এবং তারপরে মেষদের ধ্বংস করা। পালকেরা এবং ঈশ্বরের পরিচর্যাকারীরা সাধারণ বিশ্বাসীদের থেকে বেশি তীব্রতর দ্বন্দের মধ্যে দিয়ে যায়। তাই সবথেকে বড় উপহার যা আপনি আপনার পালক এবং পরিচর্যাকারীদের দিতে পারেন যারা আপনাকে সেবা করছেন সেটা হল তাদের জন্য এবং তাদের পরিবারের জন্য দৈনন্দিন প্রার্থনা করা – তাদের আপনার প্রার্থনার প্রয়োজন। তাদের পাশে দাড়িয়ে রক্ষা করুন। আপনার প্রার্থনার মাধ্যমে তাদের আশেপাশে এক ঢাল তৈরি করুন। শয়তানকে বলুন ‘‘তুমি যদি সেই তীর আমার পালকের ওপরে দিতে চাও, তোমাকে প্রথমে আমার মধ্যে দিয়ে যেতে হবে। আমি এখানে দাড়িয়ে আছি!’’ যদি সম্পূর্ণ একটি মণ্ডলী পালকের জন্য প্রার্থনা করছে, যে পরিচর্যাকারীরা সেবা করছেন এবং তাদের পরিবারেরা, সেখানে একটি শক্তিশালী মণ্ডলী হবে কারন নেতৃত্ব বর্গেরা ভালভাবে সুরক্ষিত হবে এবং সেখানে কিছুই থাকবেনা যাতে শয়তান পালককে আঘাত করতে পারে।

### যে দায়িত্ব আপনাকে দেওয়া হয়েছে, সেই দায়িত্বের সাথে কাজ করুন ও সম্মান করুন

- আপনার পালক সব কিছু করতে পারবেন না। তারজন্য বিভিন্ন নেতাদের কাছে বিভিন্ন পরিচর্যার কাজের দায়িত্ব অর্পণ করা হয়েছে। সবথেকে ভালো বিষয় যেটা আপনি করতে পারেন তা হল সেই নেতাদের সম্মান করুন, সহযোগিতা করুন এবং তাদের সাথে কাজ করুন। আপনি পালককে সাহায্য করবেন যদি আপনি মণ্ডলীতে স্থাপিত করা অর্পিত নেতৃত্বের সম্মান করেন। উদাহরণস্বরূপ, সেখানে হয়তো সদস্য তত্ত্বাবধানকারি পালক, শিশুদের মণ্ডলীর পালক, ক্ষুদ্রদলের পালক, যুবকদের পালক, আরাধনা নেতৃত্ব প্রদানকারী পালক, এবং ইত্যাদি রয়েছে। যদি আপনার কোনও উদ্বেগের বিষয় রয়েছে যেটা সম্বোধন করা প্রয়োজন, সেই স্থানের পরিচর্যার নেতাকে উপেক্ষা করে সরাসরি আপনার পালকের কাছে পৌঁছে যাবেন না। বিভিন্ন পরিচর্যায় যাদের নেতা হিসেবে নিযুক্ত করা হয়েছে তাদের সম্মান করুন। সমস্যাগুলি সরাসরি তাদের কাছে আনুন এবং তাদেরকে সেটা সমাধান করতে অনুমতি দিন। মনে করবেন না যে কোনো একটা নির্দিষ্ট পরিচর্যার নেতার কোনো অভিজ্ঞতা নেই। যখন আপনি তাদেরকে সমস্যা সমাধান করার সুযোগ দেন না, আপনি তাদের দরকারি অভিজ্ঞতা যেটা তাদের হওয়া প্রয়োজন সেটা চুরি করছেন। মনে রাখবেন যে পরিচর্যার নেতাদের প্রতি পালকের সম্পূর্ণ আত্মবিশ্বাস রয়েছে এবং আপনাকে শোনার আগে তিনি তাদের শুনবেন।

**১ তীমথিয় ৫:১৭-১৯**
**১৭ যে প্রাচীনেরা উত্তমরূপে শাসন করেন, বিশেষতঃ যাঁহারা বাক্যে ও শিক্ষাদানে পরিশ্রম**
**১৮ করেন, তাঁহারা দ্বিগুণ সমাদরের যোগ্য গণিত হউন৷ কারণ শাস্ত্রে বলে, ‘‘শস্যমর্দনকারী বলদের মুখে জাল্‌তি বাঁধিও না;” আর, “কার্যকারী আপন বেতনের যোগ্য৷”**
**১৯ দুই তিন জন সাক্ষী ব্যতিরেকে কোন প্রাচীনের বিরুদ্ধে অভিযোগ গ্রাহ্য করিও না৷**

## মণ্ডলীর দর্শন এবং আহ্বানের সাথে চলুন

**আমোষ ৩:৩**
**একপরামর্শ না হইলে দুই ব্যক্তি কি এক সঙ্গে চলে?**

**মার্ক ৩:২৫**
**আর কোন পরিবার যদি আপনার বিপক্ষে ভিন্ন হইয়া পড়ে, তবে সেই পরিবার স্থির থাকিতে পারিবে না৷**

- প্রত্যেকে যারা একটি স্থানীয় মণ্ডলীর অংশ সেই মণ্ডলীকে ঈশ্বর প্রদত্ত দর্শন এবং আহ্বানের সাথে তাদের চলা উচিত৷ প্রত্যেক স্থানীয় মণ্ডলীর একটি নির্দিষ্ট আহ্বান থাকবে এবং প্রত্যেক সদস্যের সেটার সাথে চলা শেখা উচিত৷ উদাহরণস্বরূপ, যদি একটি স্থানীয় মণ্ডলীর দর্শন গৃহমণ্ডলী হওয়া, সদস্যেরা বলতে পারেনা যে তারা ক্ষুদ্রদল (সেল গ্রুপ) ভালবাসেনা এবং কোনও ক্ষুদ্রদলের অংশ হবেনা৷ এটা সেটা যা মণ্ডলী মিলিতভাবে করছে এবং প্রত্যেকের সেখানে যুক্ত হওয়া উচিত৷
- যেহেতু ঈশ্বর একটি মণ্ডলীর জন্য তাঁর পরিকল্পনা উদ্ঘাটন করেন, তিনি যেটা তাদেরকে দিয়ে করাতে ইচ্ছুক সেই অনুযায়ী নতুন জিনিসের জন্ম দেবেন৷ তাই পালকের এবং পরিচর্যার নেতাদের প্রতি সমর্থক হন৷ ঈশ্বর মণ্ডলীকে যে নতুন পরিবর্তন বা নতুন জিনিসগুলিতে নেতৃত্ব দিচ্ছেন সেগুলিকে প্রতিহত করবেন না৷ শুধু দেহের সাথে একসাথে চলুন, একদিকে অগ্রসর হয়ে এবং নেতাদের সমর্থন করে৷
- যখন আপনি একটি মণ্ডলীতে যান, আপনার হয়তো কোনও পূর্ব ধারনা রয়েছে যে সেই নির্দিষ্ট মণ্ডলীটির কিরকম হওয়া উচিত৷ সেই ধারনা আপনাকে সেই মণ্ডলীর দর্শনের সাথে চলতে বাধা দিতে পারে৷ তাই আপনার ব্যক্তিগত বিষয়সূচিগুলি একপাশে সরিয়ে রাখা প্রয়োজন এবং মণ্ডলী যেদিকে যাচ্ছে সেদিকে চলুন৷
- মণ্ডলীর সাথে দয়াকরে ‘‘ডেটিং’’ করবেন না৷ এমন একজন ব্যক্তি হয়ে উঠবেন না যে মণ্ডলীতে ততক্ষণ যায়, যতক্ষণ সে সেখান থেকে কিছু লাভ করে এবং যতক্ষণ পর্যন্ত আপনি সেখানে আনন্দ পাচ্ছেন৷ যেদিন মণ্ডলী আপনাকে খুশি করেছে না সেদিনটা এরকম হওয়া উচিত নয় যে আপনি বেরিয়ে যেতে এবং অন্য কোথাও যেতে নির্ধারণ করলেন৷ আপনি কি পেতে পারেন শুধু তা অনুসন্ধান করবেন না৷ বেশী না হলেও, আপনি যতটা পাচ্ছেন, ততটাই দিন৷ যীশু বলেছেন যে গ্রহণ করার চেয়ে দেওয়া বেশি ধন্য (প্রেরিত ২০:৩৫)৷ আপনি অবশ্যই মণ্ডলী থেকে গ্রহণ করবেন – জ্ঞান এবং বিচারবুদ্ধি, আপনি পরিপক্ব হবেন এবং এমন একটা যায়গায় আসবেন যেখানে আপনি খ্রীষ্টে সম্পূর্ণ পরিনত৷

## মণ্ডলীর শিক্ষা এবং বিশ্বাসের সাথে চলুন

**১ করিন্থীয় ১:১০**
**কিন্তু হে ভ্রাতৃগণ, আমাদের প্রভু যীশু খ্রীষ্টের নামে আমি তোমাদিগকে বিনয় করিয়া বলি, তোমরা সকলে একই কথা বল, তোমাদের মধ্যে দলাদলি না হউক, কিন্তু এক মনে ও এক বিচারে পরিপক্ব হও৷**

- একটি মণ্ডলীর শিক্ষা এবং বিশ্বাস যেভাবে প্রকাশিত হয়েছে ‘‘বিশ্বাসের বিবৃতিতে’’ মণ্ডলী স্থাপিত হওয়ার আগেই সাধারনত লেখা হয়েছে৷

- একটি মণ্ডলীর বিশ্বাসের বিবৃতি হল "অ-আলোচনাযোগ্য" এবং আলোচনার জন্য উন্মুক্ত নয়।
- মণ্ডলীতে অংশ হওয়ার নির্ধারণ করার আগে সেই মণ্ডলীর বিশ্বাস এবং শিক্ষাকে পড়ুন এবং বুঝুন।
- একবার যখন আপনি একটি স্থানীয় মণ্ডলীর অংশ হয়ে যান, বিশ্বাসের বিবৃতিকে বদলানোর কোনও প্রচেষ্টা করবেন না। যদি আপনি মণ্ডলীর বিশ্বাস এবং শিক্ষার সাথে একমত না হন, আপনি এগুলির মধ্যে যেকোনো একটা করতে স্বাধীন – শিখুন এবং মণ্ডলীর সাথে বেড়ে উঠুন অথবা অন্য কোনও মণ্ডলী খুঁজে নিন। থেকে যাওয়ার কোনও বাধ্যবাধকতা নেই।
- দয়া করে ব্যক্তিগত প্রত্যয় যেগুলো মণ্ডলীর শিক্ষা এবং বিশ্বাসের সাথে একমত নয়, ব্যক্তিগত রাখুন। উদাহরণস্বরূপ, যদি মণ্ডলী পবিত্রআত্মার বাপ্তিস্ম, অন্য ভাষায় প্রার্থনা করা, ঐশ্বরিক সুস্থতা এবং বাকি জিনিসের বাইবেল ভিত্তিক নীতির সাথে একমত হয়, সভাতিও একমত হবে বলে আশা করা হচ্ছে। দয়াকরে আপনার ব্যক্তিগত প্রত্যয় প্রচার করার জন্য মণ্ডলীকে ব্যবহার করবেন না যা যেটা মণ্ডলীর বিশ্বাস এবং শিক্ষার সাথে একমত নয়। তাছাড়াও দয়া করে পালককে এবং অন্যান্য পরিচর্যার নেতাদের আপনার ধারনার সাথে মিল করানোর জন্য তাদের চিঠি, ইমেইল বা বই পাঠিয়ে উপলব্ধি করানোর চেষ্টা করবেন না যেটা বিশ্বাসের বিবৃতির বিপরীত।

## একজন পরিচর্যাকারী হন

**ইফিষীয় ৪:১১-১৩**
**১১ আর তিনিই কয়েক জনকে প্রেরিত, কয়েক জনকে ভাববাদী, কয়েক জনকে সুসমাচার-প্রচারক ও কয়েক জনকে পালক ও শিক্ষাগুরু করিয়া দান করিয়াছেন,**
**১২ পবিত্রগণকে পরিপক্ব করিবার নিমিত্ত করিয়াছেন, যেন পরিচর্যা কার্য সাধিত হয়, যেন খ্রীষ্টের দেহকে গাঁথিয়া তোলা হয়,**
**১৩ যাবৎ আমরা সকলে ঈশ্বরের পুত্র বিষয়ক বিশ্বাসের ও তত্ত্বজ্ঞানের ঐক্য পর্যন্ত, সিদ্ধ পুরুষের অবস্থা পর্যন্ত, খ্রীষ্টের পূর্ণতার আকারের পরিমাণ পর্যন্ত, অগ্রসর না হই;**

- ইফিষীয় ৪:১১-১৩ বলে যে পাঁচ ধরনের পরিচর্যা দেওয়া হয়েছে প্রত্যেক সাধুগণকে পরিচর্যার কাজের জন্য প্রস্তুত করতে। পালকের ইচ্ছা দেখা যে প্রত্যেক বিশ্বাসী ঈশ্বরের পরিচর্যাকারী হয়েছে। এটা হয়তো আপনার জন্য একটু সময় সাপেক্ষ সেখানে পৌঁছান, কিন্তু পালক এবং নেতা হিসেবে আমরা চাই আপনি সেখানে পৌঁছন। আমরা চাই আপনি একটি যায়গায় পৌঁছন যেখানে কিছুটা সামর্থ্য পর্যন্ত আপনি ঈশ্বরের সেবা করতে শুরু করবেন। আপনাদের প্রত্যেকে বরদান, তালন্ত এবং ক্ষমতা দেওয়া হয়েছে। ঈশ্বর আপনার মধ্যে ধনসম্পদ রেখেছেন। তিনি আপনার মধ্যে কিছু বিষয় বিনিয়োগ করেছেন যেটা তিনি চান যে আপনি রাজ্যের জন্য ব্যবহার করবেন। পালক সেই সম্ভাব্য বিষয়গুলি আপনার থেকে বেরিয়ে আসতে দেখতে চাইবে। ঈশ্বরের সেবা করুন এবং ঈশ্বরের এক পরিচর্যাকারী হয়ে উঠুন। আপনার সেই আসনে কিছুক্ষণের জন্য বসে থাকা ঠিক আছে কিন্তু একবার সেই আসন যদি গরম হয়ে যায় দয়াকরে সেখান থেকে লাফিয়ে বেরিয়ে আসুন।
- খ্রীষ্টের দেহে আপনার জন্য ঈশ্বর এক নির্দিষ্ট স্থান রেখেছেন। আপনার জায়গাটি খুঁজুন এবং দেহে সেই ঈশ্বর নিযুক্ত কার্জ সম্পন্ন করুন। আপনি শুধুমাত্র একজন মণ্ডলীর সদস্য নন; আপনি একজন ঈশ্বরের পরিচর্যাকারী। খ্রীষ্টের দেহে কাজ করতে শুরু করুন।

**১ করিন্থীয় ১২:১৮**
**কিন্তু এখন ঈশ্বর অঙ্গ সকল এক এক করিয়া দেহের মধ্যে যেমন ইচ্ছা করিয়াছেন, সেইরূপ বসাইয়াছেন।**

আপনি যখন পরিচর্যাকারী হতে শুরু করেন, কিছু নির্দেশিকা রয়েছে অনুসরণ করার জন্য।

- সর্ব প্রথম বরদানের ওপরে চরিত্রের গুরুত্বকে বুঝুন। পালক বরদান প্রেরনের আগে চরিত্রের অন্বেষণ করবেন কারন আপনার চরিত্রের দরকার আছে যেটা এর সাথে এগোবে। উদাহরণস্বরূপ, যদি আপনার একটি নির্দিষ্ট বরদান রয়েছে, পালক আপনাকে সেই বরদান ব্যবহার করার জন্য সুযোগ দেবেন এবং একই সময়ে আপনার চরিত্রকেও দেখবেন। যদি চরিত্রটি বিশ্বাস যোগ্য

হয়, পালক আরও সুযোগ দেবেন আপনার বরদানকে ব্যবহার করতে। ধরুন চরিত্রটি এখনও গড়ে ওঠেনি, তিনি হয়তো কিছুক্ষণের জন্য আপনাকে সেখানেই রাখবেন, যতক্ষণ না হয়তো কোনও ব্যক্তিগত অভ্যাস, সমস্যা, লেগে থাকা অথবা আচরণ জনিত সমস্যা কাটিয়ে উঠছেন। পালক হয়তো তৎক্ষণাৎ প্রথম দিন থেকেই আপনাকে প্রচার করবেন না! আপনার সেই চরিত্রটিকে দরকার যেটা একবার যখন আপনি সেই আকাঙ্কিত স্থানে পৌঁছে যাবেন সেখানে আপনাকে ধরে রাখবে, নয়তো এই প্রক্রিয়াতে আপনি নিজেকে আঘাত হানতে পারেন এবং অন্যান্য অনেক ব্যক্তিকে।

- আস্থা গড়ে তুলুন। আপনার পালকের দ্বারা বিশ্বস্ত হওয়ার অধিকার অর্জন করতে হবে।
- নিজের দিকে দৃষ্টি আকর্ষণ করেবেন না। কিছু ব্যক্তি যখন ঈশ্বরের গৃহে পরিচর্যার দায়িত্বে নিযুক্ত হন অন্যান্য বিশ্বাসীদের মাঝে "জনপ্রিয়" পুরুষ বা মহিলা হওয়ার জন্য অনেক দূর পর্যন্ত যায়। এটি একটি মনোযোগের আকাঙ্ক্ষায় জড়িত এবং প্রভুর দিকে লোকেদের নির্দেশনা না দিয়ে লোকেদেরকে নিজের দিকে আকর্ষিত করে সমাপ্ত হয়। তাই নিশ্চিত করুন যাতে যখন আপনি পরিচর্যা করছেন, লোকেরা যেন আপনার প্রতি আকর্ষিত না হয় – কিন্তু প্রভুর দিকে।
- আপনার পরিচর্যাকে প্রথমে সুস্পষ্ট করুন এবং তারপরে লোকেদের আপনার আহ্বান বুঝতে দিন। সংশ্লিষ্ট পরিচর্যাকে সুস্পষ্ট না করে নিজের আহ্বান কে প্রচার করতে যাবেন না ("আমি একজন প্রেরিত")। ভাবুন এটা কিরকম হাস্যকর বিষয় হবে যদি আপনার পালক নিজেকে পালক বলে চলেছেন এমনকি যখন তাঁর কাছে কোনও সভা নেই। আপনাকে যার জন্য আহ্বান করা হয়েছে শুধু সেটা করুন এবং আপনার আহ্বান এবং পরিচর্যা প্রমান স্বরূপ হবে। লোকেদের ফল দেখতে দিন এবং তারপরে এই স্বীকৃতিতে আসুন যে আপনি কি রকমের গাছ।
- নিজেকে একেবারে সামনে ঠেলে দেবেন না। আমন্ত্রিত হতে অপেক্ষা করুন। যীশু বলেছেন যখন আমরা কোনও বড় ভোজে যাই, আমরা যেন শেষ আসনটায় বসি এবং সভা পরিচালক আসুক এবং আমাদের সামনে আসার আমন্ত্রন জানাক। সেটা বেশি সন্মান জনক। ধরে নিন আপনার আসাধারন আওয়াজ রয়েছে এবং কোনও বাদ্য যন্ত্র বাজানোর আপনার খুব ভালো ক্ষমতা রয়েছে, আপনি গিয়ে আরাধনার নেতাকে বলবেন না যে আপনি কত ভালো বাদক এবং যে আপনার বাজান উচিত। পরিবর্তে শুধু নিজের দক্ষতার সম্বন্ধে জানান এবং বাজাতে বা আরাধনায় নেতৃত্ব দেওয়ার জন্য আমন্ত্রিত হতে অপেক্ষা করুন। আরাধনায় সভায় বাজানোর আগে আপনাকে হয়ত একটা পরীক্ষা দিতে হতে পারে ও নিয়মিত অভ্যাস করার সময়ে আসতে হতে পারে।
- আপনার পালকের বা নেতৃত্ববর্গের প্রতি কৈফিয়ত দিতে বাধ্য থাকুন। নির্দেশাবলী অনুসরণ করুন এবং বিষয়গুলির গতিবিধির সাথে শ্রেণিবদ্ধ থাকুন। আপনার উৎসাহকে অনুমতি দেবেন না মণ্ডলীকে সম্পূর্ণ ভাবে প্রভু যেভাবে নেতৃত্ব দিচ্ছেন তাঁর প্রতি আপনার নিজেকে বিঘ্নিত করার জন্য।
- আপনার পুরষ্কারের জন্য ঈশ্বরের দিকে চান। অনেকে আশা করেন তাদের পুরষ্কার পালকের থেকে আসবে পুলপিঠ থেকে স্বীকৃতি হিসেবে অথবা কিছু বিশেষ ধরনের হাততালি থেকে। যখন এই সকল কিছু সম্ভব, হতাশ অথবা তিক্ত হয়ে পরবেন না যদি এগুলো না হয়! আপনি প্রভুর সেবা করছেন এবং আপনার পুরষ্কার তাঁর থেকেই আসে।

## আপনার অঙ্গীকারকে প্রদর্শন করুন

**২ তীমথিয় ২:২**
**আর অনেক সাক্ষীর মুখে যে সকল বাক্য আমার কাছে শুনিয়াছ, সেই সকল এমন বিশ্বস্ত লোকদিগকে সমর্পণ কর, যাহারা অন্য অন্য লোককেও শিক্ষা দিতে সক্ষম হইবে।**

- বিশ্বস্ততা ক্ষমতার থেকে বেশি গুরুত্বপূর্ণ। পালক বিশ্বস্ত লোকেদের খুঁজছেন। "বিশ্বস্ত লোক অনেক আশীর্বাদ পাইবে; কিন্তু যে ধনবান হইবার জন্য তাড়াতাড়ি করে, সে অদণ্ডিত থাকিবে না" (হিতপদেশ ২৮:২০)।
- যখন আপনি কোনও দায়িত্ব নিচ্ছেন, নিশ্চিত করুন যে আপনি এতে বিশ্বস্ত আছেন। উদাহরণস্বরূপ, যদি আপনি প্রত্যেক রবিবার ৩০ মিনিট আগে আসার এবং মণ্ডলীর প্রাঙ্গন পরিষ্কার করার প্রতিশ্রুতি দিয়েছেন, দয়া করে নিশ্চিত করুন যে আপনি

এটা প্রত্যেক রবিবার করছেন। প্রতিশ্রুতিবদ্ধ এবং নির্ভরযোগ্য হন। এমনকি যদিও আপনি সেই কাজটা করার জন্য অর্থ পাচ্ছেন না কিন্তু সেচ্ছাসেবক মাত্র, একজন বিশ্বস্ত সেচ্ছাসেবক হন।

- পালক বোঝেন যে কিছু অপ্রত্যাশিত বিষয় থাকবে যেটা আসবে যেটা আপনার জন্য সাহায্য করা অসম্ভব করে তুলবে। যদি আপনি এটা মেটাতে না পারেন, নিশ্চিত করুন যে আপনি যত তারাতারি সম্ভব সেটার বিষয়ে যোগাযোগ করছেন।
- আপনি যেটা করছেন উপভোগ করুন। একজন ব্যক্তি অনিচ্ছাপূর্বক কাজ করছেন সেটা খুব ভালো বিষয় নয়। যদি আপনি কোনও কিছু করতে উপভোগ করছেন না, সেটা আপনার না করাই ভালো।
- প্রভুর প্রতি করুন পালকের জন্য নয়। মনে রাখবেন আপনার পালককে খুশি করার জন্য আপনি কিছু করবেন না, প্রভুর জন্য করুন।

## শ্রেষ্ঠত্ব অন্বেষণ করুন

- আপনি যাই করছেন ভালো করে করুন। ঈশ্বরকে আপনার শ্রেষ্ঠতা দিন। প্রায়ই আমরা মনে করি, "সর্বোপরি আমি সেচ্ছাসেবকত্ব করছি। আমি শুধু এটা পরিচর্যার জন্য করছি।" এটা যেন আপনার আচরণ না হয়। যখন আপনি কোনও কিছু প্রভুর জন্য করছেন, ভাল করে করুন এবং আপনার ঈশ্বর প্রদত্ত ক্ষমতায় সর্বশ্রেষ্ঠ ভাবে করুন। আপনার কাছে যে শ্রেষ্ঠতা রয়েছে ঈশ্বরে তাঁর জন্য যোগ্য।

## একজন রাজ্য বিস্তারকারী হন

- যখন আপনি সেবা করছেন, নিজেকে মনে করান যে এটা শুধুমাত্র একটি নির্দিষ্ট স্থানীয় মণ্ডলীকে সেবা করার বিষয় নয় কিন্তু ঈশ্বরের রাজ্য গড়ে তোলার বিষয়। মনে রাখবেন যে আপনি এটা করছেন রাজাদের রাজার জন্য, যদিও আপনি হয়তো একটি স্থানীয় মণ্ডলীর সদস্য। আপনি এটা করছেন তাঁর রাজ্য বিস্তারের জন্য। আপনি যে সেবা করছেন সেটা স্থানীয় মণ্ডলীর নামের বাইরে দেখুন কারন এটা একটা নাম মাত্র।
- স্বার্থপরতা এবং আত্মকেন্দ্রিকতা পাশে সরিয়ে রাখুন। আপনার স্থানীয় মণ্ডলীকে প্রচার করার জন্য কোনও কিছু করবেন না। মনে রাখবেন যে আপনাকে সেখানে নির্দিষ্ট ভাবে রাখা হয়েছে ঈশ্বরের রাজ্যকে প্রচার করার জন্য। খ্রিস্টকে সব সময় মহিমা দিন।
- পরিচর্যাকারীদের মধ্যে, অন্যান্য পরিচর্যাকারীদের এবং মণ্ডলীদের মধ্যে একতা প্রচার করুন। অন্যান্য মণ্ডলীর বিশ্বাসীদের সাথে সহভাগিতা করতে ভয় পাবেন না। একজন রাজ্য নির্মাণকারী হন। ঈশ্বরের রাজ্যের পরিপ্রেক্ষিতে ভাবুন। নিজেকে জিজ্ঞাসা করুন যে ঈশ্বরের রাজ্য বিস্তার করার জন্য আপনি কি করতে পারেন এবং কিভাবে মণ্ডলীদের এবং পরিচর্যাদের মধ্যে দিয়ে কাজ করবেন যাতে খ্রিস্ট আমাদের মধ্যে দিয়ে মহিমান্বিত হন।

# 3. আপনার পালক একজন মানুষ

কখনও কখনও লোকেরা ভুলে যান যে তাদের পালক একজন মানুষও – একজন পুরুষ যার তাদের মতো ইচ্ছাগুলি রয়েছে! (তিনিও সুস্বাদু খাবার উপভোগ করেন!) এটা মাথায় রেখে কিছু কার্যকরী নির্দেশিকা এখানে দেওয়া হলঃ

- কোনও পুরুষের বিষয়ে খুব উচ্চ ভাববেন না। কিছু ব্যক্তি তাদের পালকের সাথে একজন "খ্রীষ্টিয় তারকা" এর মতো ব্যবহার করেন এবং ভাবেন যে তাদের পালক একজন "মহাপুরুষ"। এই হল সাধারন সত্য। আপনার পালক একজন তারকা নন এবং অবশ্যই একজন মহাপুরুষ নন, তাই দয়া করে তাকে "মহাপুরুষত্ব" দিয়ে "অভিষিক্ত" করবেন না! একজন মানুষের সম্পর্কে খুব উচ্চ ভাবা অ-ঐশ্বরিক এবং অস্বাস্থ্যকর। ঈশ্বর প্রদত্ত নেতৃত্বকে সম্মান এবং শ্রদ্ধা করুন কিন্তু কখনও একজন মানুষকে অপ্রয়োজনীয় গুরুত্ব দেবেন না।

**১ করিন্থিয় ৩:২১**
**অতএব কেহ মনুষ্যদের শ্লাঘা না করুক। কেননা সকলই তোমাদের**

**১ করিন্থিয় ৪:৬**
**হে ভ্রাতৃগণ, আমি আপনার ও আপল্লোর উদাহরণ দিয়া তোমাদের নিমিত্তে এই সকল কথা কহিলাম; যেন আমাদের দ্বারা তোমরা এই শিক্ষা পাও যে, যাহা লিখিত আছে, তাহা অতিক্রম করিতে নাই, তোমরা কেহ যেন একজনের পক্ষে অন্য জনের বিপক্ষে গর্ব না কর।**

- আপনার পালকের প্রতি নির্ভর হয়ে পরবেন না। আপনার আত্মিক ভাবে বেড়ে ওঠার এবং নিজের সাথে ঈশ্বরের যাত্রা একা করা শেখার প্রয়োজন আছে। যখন আপনার পালক আছেন আপনাকে সাহায্য করার জন্য। নিজে ঈশ্বরের বাক্য পড়া, অধ্যয়ন করা এবং খাওয়া শিখুন। নিজে প্রার্থনা করতে এবং ঈশ্বরের ওপর বিশ্বাস রাখতে শিখুন। বড় হয়ে উঠুন। আত্মিক শিশুশালা থেকে স্নাতক হয়ে উঠুন এবং একজন আত্মিক পিতা অথবা মাতা হয়ে উঠুন যে অন্যদের বিশ্বাসে লালনপালন হতে সাহায্য করতে পারবে।
- আপনার অভিষেক ঈশ্বর থেকে আসে। যখন এটা সত্য যে আত্মিক অবদান অভিষিক্ত নেতৃত্বের মধ্যে দিয়ে আসে, মনে রাখবেন যে অবশেষে আপনার অভিষেক ঈশ্বর থেকে আসে। ঈশ্বর যিনি অভিষিক্ত করেন। আপনার পালকের অভিষেকের হুবহু প্রতিলিপি আপনার কাছে নেই। আপনাকে আপনার নিজের বরদান এবং ঈশ্বরের থেকে অভিষেক গ্রহন করতে এবং গড়ে তুলতে হব। যে অভিষেক এবং আচ্ছাদন যেটা আপনার পালকের ওপর এবং আপনার স্থানীয় মণ্ডলীর কাছে রয়েছে, সেটা আপনি ঈশ্বর থেকে যা গ্রহণ করেছেন তা বাড়িয়ে তুলতে পারে। কিন্তু শেষপর্যন্ত আপনার অভিষেক ঈশ্বরের সম্মুখে আপনার যাত্রার ওপরে নির্ভর করে।

**যোহন ৩:২৭**
**যোহন উত্তর করিয়া কহিলেন, স্বর্গ হইতে মনুষ্যকে যাহা দত্ত হইয়াছে, তাহা ছাড়া সে আর কিছুই গ্রহণ করিতে পারে না।**

**২ করিন্থীয় ১:২১**
**আর যিনি তোমাদের সহিত আমাদিগকে খ্রীষ্টে স্থির করিতেছেন, এবং আমাদিগকে অভিষিক্ত করিয়াছেন।**

- দ্রুত বিচার করবেন না। অবাস্তবিক প্রত্যাশার কারণে, লোকেরা অত্যন্ত সমালোচনামূলক হয়ে উঠতে পারে এবং সহজেই পালকদের থেকে তাদের মুখ সরিয়ে নিতে পারে, যদি সেই পালকেরা ভুল করে অথবা কোনো ভাবে তাদের প্রত্যাশাগুলিকে পূর্ণ করতে না পারে। অল পিপলস্ চার্চ মণ্ডলীতে, আমি এমন এক মণ্ডলীবৃন্দ পেয়ে নিজেকে ধন্য মনে করি, যারা অত্যন্ত সহযোগী ও বোঝদার। কিন্তু, স্মরণ করিয়ে দেওয়ার উদ্দেশ্য নিয়ে, আমি এই কথাটি এখানে উল্লেখ করছি

- আপনার পালককে দ্রুত বিচার করে ফেলবেন না। আপনার পালক, আপনার মতোই, এখনও একজন অসম্পূর্ণ ব্যক্তি, এমন এক ভবন যার নির্মাণের কাজ এখনও চলছে। তাই, তাদের ভুল-ভ্রান্তিগুলিকে ক্ষমা করে তাদের সাথে ধৈর্যশীল হয়ে উঠুন।

**১ করিন্থীয় ৪:৩-৫**

**৩ কিন্তু তোমাদের দ্বারা কিম্বা মানুষিক বিচার-দিনের সভা দ্বারা যে আমার বিচার হয়, ইহা আমার মতে অতি ক্ষুদ্র বিষয়; এমন কি, আমি আমার নিজেরও বিচার করি না।**

**৪ কারণ আমি আমার নিজের বিরুদ্ধে কিছু জানি না, তথাপি ইহাতে আমি নির্দোষ বলিয়া প্রতিপন্ন হইতেছি না; কিন্তু যিনি আমার বিচার করেন, তিনি প্রভু।**

**৫ অতএব তোমরা সময়ের পূর্বে, যে পর্যন্ত প্রভু না আইসেন, সেই পর্যন্ত কোন বিচার করিও না; তিনিই অন্ধকারের গুপ্ত বিষয় সকল দীপ্তিতে আনিবেন, এবং হৃদয়সমূহের মন্ত্রণা সকল প্রকাশ করিবেন; আর তৎকালে প্রত্যেক জন ঈশ্বর হইতে আপন আপন প্রশংসা পাইবে।**

# অল পিপলস্ চার্চের সাথে অংশীদারিত্ব করুন

অল পিপলস্ চার্চ একটি স্থানীয় মণ্ডলী রূপে সমগ্র ভারতবর্ষ জুড়ে পরিচর্যা করে থাকে, বিশেষ ভাবে উত্তর ভারতে, যেখানে আমরা বিশেষ ভাবে লক্ষ্য কেন্দ্র করি (ক) নেতাদের শক্তিযুক্ত করা, (খ) পরিচর্যার জন্য যুবক-যুবতীদের তৈরি করা এবং (গ) খ্রীষ্টের দেহকে গেঁথে তোলা। যুবক-যুবতীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণ সেমিনার, এবং খ্রীষ্টিয় নেতাদের জন্য অধিবেশন সমস্ত বছর জুড়ে আয়োজন করা হয়ে থাকে। এ ছাড়াও, ইংরাজিতে ও অন্যান্য ভারতীয় ভাষায় কয়েক হাজার পুস্তক বিনামূল্যে বিতরণ করা হয়ে থাকে বিশ্বাসীদের বাক্যে ও আত্মায় তৈরি করার উদ্দেশ্য নিয়ে।

আমরা আপনাকে আর্থিক ভাবে অংশীদারিত্ব করার জন্য আহ্বান জানাই। আপনারা আমাদের একবার দান করতে পারেন অথবা মাসিক ভাবে অর্থ দান করে সাহায্য করতে পারেন। আপনারা যে পরিমাণের অর্থ আমাদের পাঠান, সেটা সমগ্র দেশ জুড়ে পরিচর্যা কাজে ব্যবহৃত হবে ও আমরা অতিশয় কৃতজ্ঞ থাকবো আপনার সাহায্যের জন্য।

আপনারা আপনাদের উপহার এই নামে চেক/ব্যাংক ড্রাফটের দ্বারা পাঠাতে পারেন "অল পিপলস্ চার্চ" এবং আমাদের কার্যালয়ের ঠিকানায় পাঠাতে পারেন। অথবা, আপনি সরাসরি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে দান করতে পারেন। আমাদের ব্যাংক একাউন্ট নিচে দেওয়া হল:

Account Name: All Peoples Church
Account Number: 0057213809
IFSC Code: CITI0000004
Bank: Citibank N.A., No. 5, M.G. Road, Bengaluru, Karnataka 560001

*অনুগ্রহ করে লক্ষ্য রাখবেন: অল পিপলস্ চার্চ শুধুমাত্র কোনো ভারতীয় ব্যাংক থেকেই অর্থ গ্রহণ করতে পারে। যখন আপনি দান করছেন, যদি চান, তাহলে আপনি উল্লেখ করতে পারেন যে আমাদের পরিচর্যার কোন নির্দিষ্ট ক্ষেত্রের জন্য আপনি দান করছেন। অতিরিক্ত তথ্যের জন্য এই ওয়েবসাইট দেখুন:* ***apcwo.org/give***

এ ছাড়াও, আমাদের জন্য ও আমাদের পরিচর্যার জন্য যখনই সম্ভব, প্রার্থনা করতে স্মরণে রাখবেন।
**ধন্যবাদ ও ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন!**

## বিনামূল্যে যে পুস্তকগুলি উপলব্ধ আছে

A Church in Revival*
A Real Place Called Heaven
A Time for Every Purpose
Ancient Landmarks*
Baptism in the Holy Spirit
Being Spiritually Minded and Earthly Wise
Biblical Attitude Towards Work
Breaking Personal and Generational Bondages
Change*
Code of Honor
Divine Favor*
Divine Order in the Citywide Church
Don’t Compromise Your Calling*
Don’t Lose Hope
Equipping the Saints
Foundations (Track 1)
Fulfilling God’s Purpose for Your Life
Gifts of the Holy Spirit
Giving Birth to the Purposes of God*
God Is a Good God
God’s Word—The Miracle Seed
How to Help Your Pastor
Integrity
Kingdom Builders
Laying the Axe to the Root
Living Life Without Strife*
Marriage and Family
Ministering Healing and Deliverance
Offenses—Don’t Take Them
Open Heavens*
Our Redemption
Receiving God’s Guidance
Revivals, Visitations and Moves of God
Shhh! No Gossip!
The Conquest of the Mind
The Father’s Love
The House of God
The Kingdom of God
The Mighty Name of Jesus
The Night Seasons of Life
The Power of Commitment*
The Presence of God
The Redemptive Heart of God
The Refiner’s Fire
The Spirit of Wisdom, Revelation and Power*
The Wonderful Benefits of speaking in Tongues
Timeless Principles for the Workplace
Understanding the Prophetic
Water Baptism
We Are Different*
Who We Are in Christ
Women in the Workplace
Work Its Original Design

উপরের পুস্তকগুলির PDF সংস্করণ বিনামূল্যে চার্চের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন: **apcwo.org/books** এই পুস্তকগুলির মধ্যে অনেকগুলি অন্যান্য ভাষাতেও উপলব্ধ। আপনার বিনামূল্যে পুস্তকটি লাভ করার জন্য, এই ইমেইল ঠিকানায় লিখুন: **bookrequest@apcwo.org**
* শুধুমাত্র PDF সংস্করণ উপলব্ধ।

এ ছাড়াও, বিনামূল্যে অডিও ও ভিডিও-তে প্রচার শোনার জন্য, প্রচারের টীকা, এবং আরও অন্যান্য উপাদান লাভ করার জন্য আমাদের ওয়েবসাইট দেখুন: **apcwo.org/sermons**

# All Peoples Church এর সম্বন্ধে একটা ভূমিকা

All Peoples Church (APC) তে, আমাদের দর্শন হল বেঙ্গালুরু শহরে একটা লবন ও জ্যোতির ন্যায় হতে এবং সমুদয় ভারতবর্ষে ও পৃথিবীর অন্যান্য দেশে একটা রব হতে।

APC তে, পবিত্র আত্মার অভিষেক ও প্রকাশ সহকারে সম্পূর্ণ এবং আপোসহীন ঈশ্বরের বাক্য উপস্থাপনা করার জন্য সমর্পিত। আমরা বিশ্বাস করি যে ভালো সঙ্গীত, সৃজনশীল উপস্থাপনা, অসাধারণ এপোলোজেটিক্স, সমসাময়িক পরিচর্যার পদ্ধতি, আধুনিক প্রযুক্তি, ইত্যাদি, কোন কিছুই পবিত্র আত্মার বরদান, আশ্চর্য কাজ, চিহ্ন সহকারে ঈশ্বরের বাক্য প্রচার করাকে প্রতিস্থাপন করতে পারে না (১ করিন্থীয় ২:৪,৫; ইব্রীয় ২:৩,৪)। আমাদের কেন্দ্র স্থান হল যীশু, আমাদের বিষয়বস্তু হল ঈশ্বরের বাক্য, আমাদের পদ্ধতি হল পবিত্র আত্মার শক্তি, আমাদের আকাঙ্ক্ষা হল মানুষেরা, এবং আমাদের লক্ষ্য হল খ্রীষ্টের মতো পরিপক্কতা।

বেঙ্গালুরুতে আমাদের প্রধান কার্যালয় থাকা সত্ত্বেও, ভারতবর্ষের বিভিন্ন স্থানে All Peoples Church এর অনেক মণ্ডলী স্থাপিত আছে। অল পিপলস্ চার্চ এর মণ্ডলীর তালিকা এবং যোগাযোগ নম্বর পেতে গেলে, আমাদের ওয়েবসাইটে **www.apcwo.org/locations** দেখুন, অথবা **contact@apcwo.org** এ ই-মেইল পাঠান।

# আপনি কি সেই ঈশ্বরকে জানেন যিনি আপনাকে প্রেম করেন?

প্রায় ২০০০ বছর আগে, ঈশ্বর মানব রূপ ধারন করে এই পৃথিবীতে এসেছিলেন। তাঁর নাম হল যীশু। তিনি একটা নিষ্পাপ জীবন যাপন করেছিলেন। যেহেতু যীশু মানব রূপে ঈশ্বর ছিলেন, তিনি যা কিছু বলেছে ও করেছেন, তার দ্বারা তিনি ঈশ্বরকে আমাদের কাছে প্রকাশ করেছেন। যে কথাগুলি তিনি বলেছিলেন, সেইগুলি ঈশ্বরের কথা। তিনি যে কাজগুলি সাধন করেছিলেন, সেইগুলি ঈশ্বরের কাজ। এই পৃথিবীতে যীশু অনেক আশ্চর্য কাজ সাধন করেছিলেন। তিনি অসুস্থদের ও পীড়িতদের সুস্থ করেছিলেন। তিনি অন্ধ মানুষদের দৃষ্টিদান করেছিলেন, যারা শুনতে পেত না, তিনি তাদের শ্রবণ শক্তি ফিরিয়ে দিয়েছিলেন, খঞ্জদের চলতে সাহায্য করেছিলেন এবং প্রত্যেক ধরণের অসুস্থতা ও ব্যাধি সুস্থ করেছিলেন। আশ্চর্য ভাবে কয়েকটি রুটি দিয়ে তিনি অনেক ক্ষুধিত ব্যক্তিদের খাদ্য যোগান দিয়েছিলেন, ঝড় থামিয়েছিলেন এবং অনেক আশ্চর্য কাজ করেছিলেন।

**এই সকল কিছু আমাদের কাছে প্রকাশ করে যে ঈশ্বর উত্তম, যিনি চান যে লোকেরা যেন সুস্থ হয়, সম্পূর্ণ হয়, স্বাস্থ্যকর হয় এবং খুশী থাকে। ঈশ্বর তার লোকেদের প্রয়োজন মেটাতে চান।**

তাহলে কেনই বা ঈশ্বর একটা মানব রূপ ধারণ করে আমাদের এই পৃথিবীতে এসেছিলেন? যীশু কেন এসেছিলেন?

আমরা সকলে পাপ করেছি এবং সেই সকল কাজ করেছি যা আমাদের সৃষ্টিকর্তা ঈশ্বরের কাছে অগ্রহণীয়। পাপের পরিণাম আছে। পাপ হল ঈশ্বর এবং আমাদের মাঝে একটা দুর্ভেদ্য প্রাচীর। পাপ আমাদের ঈশ্বর থেকে পৃথক করে রেখেছে। এটা আমাদের সৃষ্টিকর্তাকে জানতে ও তাঁর সাথে একটা অর্থপূর্ণ সম্পর্ক স্থাপন করতে বাঁধা দেয়। সুতরাং, আমাদের অনেকেই এই শূন্য স্থানটি অন্যান্য বিষয় দিয়ে পূর্ণ করার চেষ্টা করি।

পাপের আরও একটা পরিণাম হল ঈশ্বরের থেকে অনন্তকালের জন্য পৃথক হয়ে যাওয়া। ঈশ্বরের আদালতে, পাপের বেতন মৃত্যু। মৃত্যু হল নরকে যাওয়ার দ্বারা ঈশ্বরের থেকে চিরকালের জন্য পৃথক হয়ে যাওয়া।

কিন্তু, আমাদের জন্য একটা সুসংবাদ আছে যে আমরা পাপ থেকে মুক্তি পেতে পারি এবং ঈশ্বরের সাথে পুনরায় সম্পর্ক স্থাপন করতে পারি। বাইবেল বলে, **"কেননা পাপের বেতন মৃত্যু; কিন্তু ঈশ্বরের অনুগ্রহ-দান আমাদের প্রভু যীশু খ্রীষ্টেতে অনন্ত জীবন" (রোমীয় ৬:২৩)** যীশু তাঁর ক্রুশিয় মৃত্যু দ্বারা সমস্ত পৃথিবীর পাপের মূল্য পরিশোধ করে দিলেন। তারপর, তিন দিন পর তিনি আবার বেঁচে উঠলেন, তিনি নিজেকে জীবিত অবস্থায়ে অনেক মানুষের কাছে দেখা দিলেন এবং তারপর তিনি স্বর্গে চলে গেলেন।

ঈশ্বর প্রেমের ও দয়ার ঈশ্বর। তিনি চান না যে একটা মানুষও নরকে শাস্তি না পাক। এবং সেই কারণে, তিনি এসেছিলেন, যাতে তিনি সমুদয় মানবজাতির জন্য পাপ থেকে ও পাপের পরিণাম থেকে মুক্তি পাওয়ার একটা পথ প্রস্তুত করতে পারেন। তিনি পাপীদের উদ্ধার করতে এসেছিলেন – আপনার এবং আমার মতো মানুষদের পাপ থেকে ও অনন্তকালীন মৃত্যু থেকে উদ্ধার করতে এসেছিলেন।

পাপের এই ক্ষমাকে বিনামূল্যে গ্রহণ করতে গেলে, বাইবেল আমাদের বলে যে আমাদের একটা কাজ করতে হবে – প্রভু যীশু খ্রীষ্ট ক্রুশের উপর কী করেছিলেন তা স্বীকার করা এবং তাঁকেই সমস্ত অন্তঃকরণ দিয়ে বিশ্বাস করা।

**"...যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে তাঁহার নামের গুণে পাপমোচন প্রাপ্ত হয়"** (প্রেরিত ১০:৪৩)।

**"কারণ তুমি যদি 'মুখে' যীশুকে প্রভু বলিয়া স্বীকার কর, এবং 'হৃদয়ে' বিশ্বাস কর যে, ঈশ্বর তাঁহাকে মৃতগণের মধ্য হইতে উত্থাপন করিয়াছেন, তবে পরিত্রাণ পাইবে"** (রোমীয় ১০:৯)।

আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করেন, তাহলে আপনিও আপনার পাপের ক্ষমা লাভ করতে পারেন ও শুচিকৃত হতে পারেন।

নিম্নলিখিত একটা সহজ প্রার্থনা লেখা আছে যা আপনাকে প্রভু যীশু খ্রীষ্টের উপর বিশ্বাস করার তিনি ক্রুশের উপর কী করেছেন, সেটা সম্বন্ধীয় একটা সিদ্ধান্ত নিতে সাহায্য করবে। এই প্রার্থনাটি যীশুর বিষয়ে আপনার অঙ্গীকারকে ব্যক্ত করতে ও পাপ থেকে ক্ষমা ও শুচিকরণ লাভ করতে সাহায্য করবে। এই প্রার্থনাটি একটা রূপরেখা। এই প্রার্থনাটি আপনি আপনার নিজের ভাষাতেও করতে পারেন।

*প্রিয় প্রভু যীশু, আজ আমি বুঝতে পেরেছি যে তুমি আমার জন্য ক্রুশের উপর কী সাধন করেছো। তুমি আমার জন্য মারা গিয়েছিলে, তুমি তোমার বহুমূল্য রক্ত আমার জন্য ঝরিয়েছিলে এবং আমার পাপের মূল্য মিটিয়ে দিয়েছিলে, যাতে আমি ক্ষমা লাভ করতে পারি। বাইবেল আমাকে বলে যে যে কেউ তোমার উপর বিশ্বাস করবে, সে তার পাপের ক্ষমা লাভ করবে।*

*আজ, আমি তোমাকে বিশ্বাস করার এবং তুমি আমার জন্য কী করেছো, তা গ্রহণ করার একটা সিদ্ধান্ত নিই, এবং বিশ্বাস করি যে তুমি আমার জন্য ক্রুশে মারা গিয়েছিলে এবং আবার মৃত্যু থেকে বেঁচে উঠেছিলে। আমি বিশ্বাস করি যে আমি আমার উত্তম কাজ দ্বারা নিজেকে উদ্ধার করতে পারব না, অথবা অন্য কোন মানুষও আমাকে উদ্ধার করতে পারবে না। আমি আমার পাপের ক্ষমা অর্জন করতে পারি না।*

*আজ, আমি আমার হৃদয়ে বিশ্বাস করি এবং আমার মুখে স্বীকার করি যে তুমি আমার জন্য মারা গিয়েছিলে, তুমি আমার পাপের মূল্য মিটিয়েছিলে, তুমি মৃতগণদের মধ্যে থেকে বেঁচে উঠেছিলে, এবং তোমার উপর বিশ্বাস করার মধ্যে দিয়ে, আমি আমার পাপের ক্ষমা ও শুচিকরন লাভ করি।*

*যীশু তোমাকে ধন্যবাদ। আমাকে সাহায্য কর যেন আমি তোমাকে প্রেম করতে পারি, তোমাকে আরও জানতে পারি এবং তোমার প্রতি বিশ্বস্ত থাকতে পারি। আমেন।*


## DOWNLOAD THE FREE APP!

*Search for*

"All Peoples Church Bangalore"
in the App or Google play stores.

Available on the App Store

ANDROID APP ON Google play







*A daily 5-minute video devotional.*
*A daily Bible reading and prayer guide.*
*5-minute Sermon summary.*
*Toolkit with Scriptures on various topics to build faith and information to share the Gospel.*
*Resources with sermons, sermon notes, TV programs, books, music and more.*

*IF YOU LOVE IT, TELL OTHERS ABOUT IT!*

## All Peoples Church বাইবেল কলেজ
## apcbiblecollege.org

All Peoples Church বাইবেল কলেজ এবং পরিচর্যা প্রশিক্ষণ কেন্দ্র (APC-BC), যা বেঙ্গালুরুতে অবস্থিত, আত্মায় পরিপূর্ণ, অভিষিক্ত এবং পবিত্র আত্মার শক্তিতে অলৌকিক ভাবে পরিচর্যা করার ক্ষমতা প্রদান করার মধ্যে দিয়ে প্রশিক্ষণ দেয়, এবং তার সাথে নিরাময় ঈশ্বরের বাক্য শেখানো হয়। আমরা পরিচর্যার জন্য একটা ব্যক্তিকে সম্পূর্ণ ভাবে গঠন করাতে বিশ্বাস করি, যেখানে আমরা একটি ঐশ্বরিক চরিত্রে, ঈশ্বরের বাক্যে গভীরে প্রবেশ করা, এবং আশ্চর্য কাজ ও চিহ্ন কাজ দ্বারা পরিচর্যা করায় জোর দিই - যা প্রভুর সাথে একটা ঘনিষ্ট সম্পর্ক থেকে উত্থাপিত হয়।

APC-BC তে, নিরাময় বাক্য শেখানোর সাথে সাথে আমরা ঈশ্বরের প্রেমকে কাজে প্রকাশিত করার উপর গুরুত্ব দিই, পবিত্র আত্মার অভিষেক ও উপস্থিতি এবং ঈশ্বরের কাজের অলৌকিক কাজের উপর গুরুত্ব দিই। অনেক যুবক যুবতীরা প্রশিক্ষিত হয়ে ঈশ্বরের আহ্বান পূর্ণ করার জন্য প্রেরিত হয়েছে।

নিম্নলিখিত কার্যক্রমগুলি আমরা প্রদান করিঃ
এক বছরের Certificate in Theology and Christian Ministry (C.Th.)
দুই বছরের Diploma in Theology and Christian Ministry (D.Th.)
তিন বছরের Bachelor in Theology and Christian Ministry (B.Th.)

সপ্তাহের পাঁচ দিন ক্লাস নেওয়া হয়, **সোমবার থেকে শুক্রুবার, সকাল ৯ টা থেকে দুপুর ১টা পর্যন্ত।** কর্মজীবী লোকেরা, গৃহবধূরা এই কোর্সগুলি করতে পারে, এবং দুপুর ১টার পর তাদের প্রতিদিনের কাজকর্ম করতে পারে। আলাদা হস্টেলের ব্যবস্থা আছে সেই সকল শিক্ষার্থীদের জন্য, যারা সেই স্থানে থেকে এই কোর্সগুলি করতে চায়। শিক্ষার্থীরা বিভিন্ন ক্ষেত্রে পরিচর্যার জন্য অংশগ্রহণ করে, বিশেষ সেমিনারে, প্রার্থনা ও আরাধনার সময়ে অংশগ্রহণ করে প্রতিদিন দুপুর ২ টো থেকে বিকাল ৫টা পর্যন্ত। দুপুরের অধিবেশনগুলি তাদের জন্য অনিবার্য নয়, যারা অন্যান্য কাজ করে। প্রত্যেক শিক্ষার্থীদের কোন না কোন স্থানীয় মণ্ডলীতে সেবাকাজের জন্য উৎসাহিত করা হয়।

কলেজের সম্বন্ধে, পাঠ্যক্রমের সম্বন্ধে, যোগ্যতা, মূল্য সম্বন্ধে আরও বিস্তারিত ভাবে জানতে গেলে **apcwobiblecollege.org** ওয়েবসাইটে যান।

APC-BC is accredited by the Nations Association for Theological Accreditation (NATA).

আমরা যারা পিতা-মাতা, আমরা জানি যে যদিও আমরা তাদের প্রতি আমাদের ভালোবাসা বর্ষাই, তবুও কখনও কখনও ছড়ি ব্যবহার করে থাকি! এটা এই জন্য করি না যে আমরা আমাদের সন্তানদের ঘৃণা করি, কিন্তু আমরা তাদেরকে একজন শক্তিশালী ব্যক্তিতে পরিণত করতে চাই। একইভাবে, যখন আমরা মণ্ডলীর মধ্যে শক্তিশালী ব্যক্তিদের গড়ে তুলতে চাই, তখন তাদেরকে শিক্ষা দেওয়া উচিৎ যে কীভাবে তারা ঈশ্বরের গৃহের মধ্যে আচরণ করবে।

দুর্ভাগ্যক্রমে, এই বিষয়ের উপর খুব বেশী শিক্ষা উপলব্ধ নেই এবং সবাই সেই কাজটি করতে থাকে যেটা তারা সঠিক বলে মনে করে থাকে। মণ্ডলীর লোকেরা সেই সব কিছু করতে থাকে যা তাদের মনের মধ্যে চলে এবং এর ফলে তারা মণ্ডলীকে ভিন্ন ভিন্ন দিকে টানতে থাকে, এবং মণ্ডলী কোনো দিকেই এগোয় না! সবাই যদি তাদের ইচ্ছা অনুযায়ী কাজ করতে থাকে, তাহলে মণ্ডলীর মধ্যে বিশৃঙ্খলা ও বিভ্রান্তির সৃষ্টি হবে। কিন্তু আমাদের ঈশ্বর বিভ্রান্তির সৃষ্টি করেন না।

মণ্ডলীর মধ্যে শক্তিশালী লোকেদের গড়ে তোলার দ্বারা একটি শক্তিশালী মণ্ডলী গড়ে তোলার উদ্দেশ্য নিয়ে আমি এই বার্তাটি আপনাদের সাথে ভাগ করে নিচ্ছি - “কীভাবে আপনার পালককে সাহায্য করবেন” এই পুস্তকের মধ্যে দিয়ে, এবং বিশ্বাস করি যে এই কাজটি করার জন্য আমার হৃদয়ের অনুপ্রেরণাকে আপনি বুঝতে পারবেন।

আশিস রাইচুর

**All Peoples Church & World Outreach**
#319, 2nd Floor, 7th Main, HRBR Layout,
2nd Block, Kalyan Nagar, Bangalore 560043
Karnataka, INDIA

Phone: +91-80-25452617
Email: contact@apcwo.org
Website: apcwo.org